

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৭৮

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২১৯. জুমু'আহর সালাতের পোশাক সম্পর্কে

باب اللُّبْسِ لِلْجُمْعَةِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّثَنَا ابْنُ وَهْبِ، أَخْبَرَنِي يُونُسُ، وَعَمْرُو، أَنَّ يَحْيَى بْنَ سَعِيدٍ الْأَنْصَارِيَّ، حَدَّثَهُ أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم قَالَ " مَا عَلَى أَحَدِكُمْ إِنْ وَجَدَ " . أَوْ " مَا عَلَى أَحَدِكُمْ إِنْ وَجَدْتُمْ أَنْ يَتَّخِذَ ثَوْبَيْنِ وَسلم قَالَ " مَا عَلَى أَحَدِكُمْ إِنْ وَجَدْتُمْ أَنْ يَتَّخِذَ ثَوْبَيْنِ لِيَوْمِ الْجُمُعَةِ سِوَى ثَوْبَىْ مَهْنَتِهِ " . قَالَ عَمْرُو وَأَخْبَرَنِي ابْنُ أَبِي حَبِيبٍ عَنْ مُوسَى بْنِ سَعَدٍ عَنِ ابْنِ صَلَى الله عليه وسلم يَقُولُ ذَلِكَ عَنِ ابْنِ حَبَّانَ عَنِ ابْنِ سَلَامٍ أَنَّهُ سَمِعَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَقُولُ ذَلِكَ عَلَى الْمِنْبَرِ .

_ صحیح

قَالَ أَبُو دَاوُدَ وَرَوَاهُ وَهْبُ بْنُ جَرِيرٍ عَنْ أَبِيهِ عَنْ يَحْيَى بْنِ أَيُّوبَ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ عَنْ مُوسَى بْنِ سَعْدٍ عَنْ يُوسُفَ بْنِ عَبْدِ اللهِ بْنِ سَلَامٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم.

বাংলা

১০৭৮। মুহাম্মাদ ইবনু ইয়াহইয়া ইবনু হাব্বান (রহঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ বা তোমরা যদি সচরাচর পরিহিত কাপড় ছাড়া জুমু'আহর দিনে পরার জন্য পৃথক একজোড়া কাপড় সংগ্রহ করতে পারো তবে তাই করো।[1]

'আমর (রহঃ) বলেন, আমাকে ইবনু আবূ হাবীব, মূসা ইবনু সা'দ হতে তিনি ইয়াহইয়া ইবনু হাব্বান হতে 'আবদুল্লাহ ইবনু সালাম সূত্রে বর্ণনা করেছেন যে, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে এ কথাগুলো মিম্বারে বসে বলতে শুনেছেন।



সহীহ।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, হাদীসটি ওয়াহাব ইবনু জারীর তার পিতা হতে, তিনি ইয়াহইয়া ইবনু আইয়ূব হতে তিনি ইয়াযীদ ইবনু আবূ হাবীব হতে তিনি মূসা ইবনু সা'দ হতে তিনি ইউসুফ ইবনু 'আবদুল্লাহ ইবনু সালাম হতে নবী সাল্লাল্লাল্থ আলাইহি ওয়াসাল্লাম এর সূত্রে বর্ণনা করেছেন।

English

Narrated Muhammad ibn Yahya ibn Habban:

The Messenger of Allah (ﷺ) said: What is the harm if any of you has two garments, if he can provide them, for Friday (prayer) in addition to the two garments for his daily work? Amr reported from Ibn Habib from Musa ibn Sa'd from Ibn Habban from Ibn Salam who heard this (tradition) from the Messenger of Allah (ﷺ) on the pulpit.

Abu Dawud said: This tradition has been reported by Yusuf b. 'Abd Allah b. Salam from the Prophet (ﷺ) through a different chain of narrators.

ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায় : সালাত কায়িম, অনুঃ জুমু'আহর দিনে সুন্দর পোষাক পরা, হাঃ ১০৯৫) হারমালাহ ইবনু ইয়াহইয়া হতে ইবনু ওয়াহাব সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ মুহাম্মদ ইবনু ইয়াহইয়া ইবনু হিব্বান (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন